গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্র: ২৪.০৯.০০০০.০০১.০৬.০০১.১৯/২৪৮(২১) তারিখঃ ২৫ আগষ্ট ২০২৪

**অফিস আদেশ**

জেডিপিসি'র আওতাধীন জেইএসসিসমুহের ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সকল জেইএসসি সেন্টার ইন-চার্জদের সমন্বয়ে zoom platform এ ত্রৈমাসিক ভিত্তিতে আগামী ২৯ আগষ্ট ২০২৪ তারিখে বেলা ২:০০ ঘটিকার সময় একটি সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব জিনাত আরা, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Zoom Id: 6620168582
Password: 123456

২৫.০৮.২০২৪
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)
০১। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কমিটির সদস্য (সকল), জেডিপিসি।
০২। সেন্টার ইন-চার্জ, ঢাকা, জেইএসসি।
০৩। সেন্টার ইন-চার্জ, চট্রগ্রাম, জেইএসসি।
০৪। সেন্টার ইন-চার্জ, রংপুর, জেইএসসি।
০৫। সেন্টার ইন-চার্জ, যশোর, জেইএসসি।
০৬। সেন্টার ইন-চার্জ, টাঙ্গাইল, জেইএসসি।
০৭। সেন্টার ইন-চার্জ, জামালপুর, জেইএসসি।

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
০১। প্রশাসনিক কর্মকর্তা, জেডিপিসি।
০২। নির্বাহী পরিচালক মহোদয়ের পার্সোনাল অফিসার, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

**বিষয়:** সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আয়োজিত online (১ম ত্রৈমাসিক) সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব জিনাত আরা
নির্বাহী পরিচালক
জেডিপিসি

স্থান : জেডিপিসি'র সম্মেলন কক্ষ (১৪৫, মনিপুরী পাড়া তেজগাঁও, ঢাকা)।

তারিখ : ২৯ আগষ্ট ২০২৪

উপস্থিতি পরিশিষ্ট-'ক'

সভাপতি সূচনা বক্তব্যে কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জেডিপিসি'র সকল কর্মকর্তা-কর্মচারীদের পরিচয় পর্ব শেষে তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সম্ভাবনা ও অন্তরায় চিহ্নিত করে তা বাস্তবায়ন করার জন্য গুরুত্ব আরোপ করেন । তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে সংশ্লিষ্ট বিষয়ে উপস্থাপন করা জন্য অনুরোধ করেন।

২.০ অত:পর সভাপতির নির্দেশনা মোতাবেক মোঃ জাহাঙ্গীর আলম প্রণয়নকৃত কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। সভাপতি প্রত্যেক ত্রৈমাসিকের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ও কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য জেডিপিসি'র আওতাধীন জেইএসসিগুলোর সেন্টার ইন-চার্জ ও প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদেরকে নির্দেশনা মোতাবেক কাজ করার অনুরোধ করেন। সেবা প্রদানের ক্ষেত্রে কোন অভিযাগ পাওয়া গেলে তা নির্দিষ্ট সময়ের মধ্যে সমাধান করার নির্দেশনা প্রদান করে।

২.১ জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি) বলেন, সিটিজেন চার্টার ২০২৪-২৫ এর কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম সম্পুন্ন করতে হবে এবং এ ক্ষেত্রে কোন রকম ব্যত্যয় বা শৈথিল্য গ্রহণযোগ্য হবে না মর্মে সকলকে সতর্ক করেন। তিনি আরও বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি গুলো সঠিকভাবে বাস্তবায়নের মাধ্যমে জেডিপিসিকে দেশ ও দেশের বাহিরে একটি উচ্চতর জায়গায় নিয়ে যাওয়া সম্ভব সে মোতাবেক সকলকে কাজ করতে হবে।

২.২ মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোঃ মোজাহিদুল ইসলাম বলেন, সেবা পাওয়ার ক্ষেত্রে সেবা গ্রহীতা অসন্তষ্ট হলে কারণ অনুসন্ধান করে সে মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। উদ্যোক্তাদের মোবাইলে, ফোনে, ইমেইলে ও জেডিপিসি'র ওয়েব সাইটের মাধ্যমে বিভিন্ন কার্যক্রমের তথ্য প্রেরণ করা জন্য কম্পিউটার এন্ড ডাটা ব্যাংক অপারেটরকে অনুরোধ জানান। কোন অভিযোগ থাকলে তা নির্ধারিত সময়ের মধ্যে নিশ্পন্ন করা সকলের দায়িত্ব বলে তিনি মতামত প্রদান করেন।

২.৩ সিনিয়ন ডিজাইন এক্সিকিউটিভ জনাব নুসরাত জাহান বলেন, জেডিপিসি'র উদ্যোক্তাদের বিভিন্ন সময়ে বিভিন্ন প্রকার নাগরিক সেবা প্রদান করে আসছে। সিটিজেন চার্টারের সেবাসমূহ গুরুত্বসহকারে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিপালন করতে হবে। তিনি উদ্যোক্তাদের সেবা প্রদানের ক্ষেত্রে সকলকে আরো দায়িত্বশীল ও আন্তরিক হওয়ার আহবান জানান।

২.৪ টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গীর আলম বলেন, প্রতি কোয়ার্টারের প্রথম সপ্তাহে কমিটির সভা আয়োজন করার জন্য নির্দেশনা রয়েছে। তিনি জেডিপিসি'র ওয়েব সাইটে কনটেন্ট অনুযায়ী বাস্তবায়িত প্রতিটি কার্যক্রমের প্রমাণকগুলো আপলোড করার জন্য জনাব আবদুল হান্নান মিয়াজিকে নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন, জেডিপিসি'র অর্থনৈতিক স্বক্ষমতা বাড়ানোর জন্য ৬টি জেইএসসি'র ইনচার্জকে একটি কর্মপরিকল্পনা তৈরী করে সে অনুযায়ী কাজ বাস্তবায়নের জন্য অনুরোধ করে।

২.৫ পার্সোনাল অফিসার সৈয়দ জাকারিয়া সেন্টার ইন-চার্জদের উদ্দেশ্যে বলেন, উদ্যোক্তাদের নিবন্ধন আরো বাড়াতে হবে। তিনি বলেন, যে সকল উদ্যোক্তা জেডিপিসি'র মেলায় অংশগ্রহণ করতে চান তাদেরকে অবশ্যই সঠিক সময়ের মধ্যে মেলা মাঠে উপস্থিত করার জন্য সকলের সাথে যোগাযোগ বাড়াতে হবে।

২.৬ জেইএসসি ঢাকা এর সেন্টার ইন-চার্জ জনাব ইসতিয়াক আহমেদ বলেন, সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে এবং এই কোয়ার্টারের শেষে অগ্রগতি প্রেরণ করা হবে।

২.৭ জেইএসসি রংপুর সেন্টার ইন-চার্জ জনাব দিদারুল হক বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে একটি প্রশিক্ষণ অথবা ওয়ার্কশপ আয়োজন করলে ভাল হত। তিনি, সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে এবং এ সংক্রান্ত কার্যক্রমের প্রমাণক মেইলে প্রেরণ করা হবে বলে জানান।

২.৮ জেইএসসি যশোর সেন্টার ইন-চার্জ জনাব মাজেদুর রহমান ভূঞা বলেন, সিটিজেন চার্টার এর কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। এ সংক্রান্ত একটি ওয়ার্কশপ আয়োজন করা উচিৎ বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

২.৯ জেইএসসি চট্রগ্রামের বিপণনসহকারী জনাব স্বপন কুমার মোহন্ত বলেন, সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রধান কার্যলয়ে প্রেরণ করা হয়েছে।

৩.০ জেইএসসি টাঙ্গাইল এর সেন্টার ইন-চার্জ জনাব ইউসুফ আলী বাবলু বলেন, প্রতিকোয়াটারে জেডিপিসি'র প্রধান কার্যলয়সহ জেইএসসি সেন্টার জুম প্লাটপর্মে একটি করে সভা করে নিজেদের সমস্যা সমাধান করা সম্ভব। সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনা অনুযায়ী টাঙ্গাইল জেইএসসি সকল কার্যক্রম বাস্তবায়ন করছে। কোয়ার্টারের শেষে অগ্রগতি প্রেরণ করা হবে।

৩.১ সভাপতি বলেন, জেডিপিসি'র আওতাধীন জেইএসসি গুলোকে প্রয়োজন আনুসাতে সাজাতে হবে। তিনি সেন্টার গুলোকে কাজের পরিধি বৃদ্ধিসহ আয় বাড়ানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন এবং প্রতিটি সেন্টারের প্রয়োজনমত ফেব্রিক্সসহ ও কাচাঁমাল প্রেরণ করার জন্যও নির্দেশনা প্রদান করেন। তিনি প্রত্যেক সেন্টার ইন-চার্জকে গত ০৩ (ছয়) মাসের বাস্তবায়িত কার্যক্রমের প্রমাণকসহ তথ্যাবলী আগামী ২৬ সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে জেডিপিসি'র প্রধান কার্যালয়ে প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন।

<u>৪.০ আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়:</u>

(ক) প্রত্যেক জেইএসসিকে সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির প্রমাণকসহ ২৬সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে জেডিপিসি'র প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(খ) জেডিপিসি ও জেইএসসি সেন্টারের সমন্বয়ে একটি কর্মশালা আয়োজন করতে হবে।

৫.০ অতঃপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জিনাত আরা)
অতিরিক্ত সচিব
ও
নির্বাহী পরিচালক

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.jdpc.gov.bd

**বিষয়ঃ আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে ২৯ আগষ্ট ২০২৪ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ১ম ত্রৈমাসিক (zoom) সভায় উপস্থিতির তালিকা।**

| ক্রমিক নং | নাম , পদবী ও ঠিকানা | ইমেইল /মোবাইল নং | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১। | জনাব জিনাত আরা<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি | ed@jdpc.gov.bd | [signature] ২৯/০৮/২০২৪ |
| ০২। | জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি), জেডিপিসি। | mrp@jdpc.gov.bd | [signature] ২৯.০৮.২০২৪ |
| ০৩। | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ফোকাল পয়েন্ট ও প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী, জেডিপিসি। | bipuljahan75@gmail.com | [signature] ২৯/০৮/২০২৪ |
| ০৪। | জনাব মোঃ মোজাহিদুল ইসলাম,মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি। | emi@jdpc.gov.bd | [signature] ২৯/০৮/২০২৪ |
| ০৫। | জনাব মোঃ আব্দুল হান্নান মিয়াজি, পার্সোনাল অফিসার, জেডিপিসি | miajetraders@gmail.com | [signature] ২৯/০৮/২৪ |
| ০৬। | পলি গুহ<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | 01825199488<br>polyguho84@gmail.com | [signature] ২৯/০৮/২০২৪ |

২৯ আগষ্ট ২০২৪ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ত্রৈমাসেক zoom meting এর ছবি।



